



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
www.btrc.gov.bd



অবৈধ মোবাইল হ্যান্ডসেট নেটওয়ার্ক হতে বন্ধকরণ সংক্রান্ত সাধারণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক জাতীয় পরিচিতি ও নিবন্ধিত সিম কার্ডের সাথে ট্যাগিং করে প্রতিটি মোবাইল ফোন নিবন্ধনের মাধ্যমে বিভিন্ন সরকারী সেবা গ্রহণ/প্রদান নিশ্চিত করা, অবৈধভাবে উৎপাদিত/আমদানিকৃত মোবাইল ফোনের ব্যবহার বন্ধ করার মাধ্যমে সরকারের রাজস্ব আহরণ নিশ্চিত করা, ব্যবহৃত মোবাইল ফোনের চুরি ও অবৈধ ব্যবহার রোধ করা এবং জাতীয় নিরাপত্তার স্বার্থে আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে ১লা জুলাই ২০২১ তারিখে ন্যাশনাল ইকুইপমেন্ট আইডেন্টিটি রেজিস্টার (এনইআইআর) এর কার্যক্রম শুরু করা হয়েছে। ১লা অক্টোবর ২০২১ তারিখ হতে নেটওয়ার্কে নতুনভাবে সংযুক্ত সকল অবৈধ হ্যান্ডসেটের সংযোগ বিচ্ছিন্ন করা হবে।

এমতাবস্থায়, মোবাইল হ্যান্ডসেট ক্রয়ের পূর্বে মেসেজ অপশন থেকে KYD<space>১৫ ডিজিটের IMEI নম্বর লিখে (উদাহরণ সরূপঃ KYD 123456789012345) ১৬০০২ নম্বরে প্রেরণের মাধ্যমে হ্যান্ডসেটের বৈধতা যাচাই করে ক্রয় করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়াও, বৈধভাবে বিদেশ থেকে ব্যক্তিগতভাবে আনীত অথবা ক্রয়কৃত অথবা উপহারপ্রাপ্ত অনুমোদিত সংখক মোবাইল হ্যান্ডসেট ব্যবহারের পূর্বে www.neir.btrc.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

একই সাথে, কোন আমদানিকারক প্রতিষ্ঠান/স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক অবৈধ হ্যান্ডসেট উৎপাদন/আমদানি না করার জন্য এবং কোন বিক্রেতা কর্তৃক অবৈধ হ্যান্ডসেট বিক্রয় না করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। কোন বিক্রেতা অবৈধ কোন হ্যান্ডসেট বিক্রয় করলে ক্রেতার দাবী অনুযায়ী হ্যান্ডসেটের মূল্য ফেরত প্রদান করতে হবে। অবৈধ হ্যান্ডসেট উৎপাদন/আমদানি/ক্রয়/বিক্রয় করলে টেলিযোগাযোগ আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনস্বার্থে:

-বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।